**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**
**বিভিন্ন অপরাধে ৭৭টি প্রতিষ্ঠানকে ৪.২১ লক্ষ টাকা জরিমানা**

**২১ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বাগেরহাট, কুষ্টিয়া, পঞ্চগড়, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, বরগুনা, জয়পুরহাট ও পিরোজপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর নিউ মার্কেট থানা এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ফারুক স্টোরকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ভাই ভাই জেনারেল স্টোরকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর দারুস সালাম থানা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আর রাজ্জাক হোটেল, খাবার হোটেল, নিউ হোটেল কিছুক্ষণ ও আল্লাহর দান হোটেলকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে বরিশাল ড্রাগকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৮৫,০০০/- (পঁচাশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার কেন্দুয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৯টি** প্রতিষ্ঠানকে **৫৮,০০০/- (আটান্ন হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শরীফুল ইসলামের নেতৃত্বে টাঙ্গাইলের নাগরপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: নাজমুল হাসানের নেতৃত্বে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকাসহ মোট **৮৯,৫০০/- (উননব্বই হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের গোলাপগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের কচুয়া উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে পঞ্চগড়ের তেতুঁলিয়া উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রামের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩৩,০০০/- (তেঁত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের চকবাজার এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের সীতাকুন্ড উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনীর দাগনভূঁঞা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, কক্সবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে কক্সবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার মুরাদনগর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার তালতলী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী

পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে জয়পুরহাট সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে পিরোজপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকাসহ মোট **২,০২,৫০০/- (দুই লক্ষ দুই হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রূপচান্দা রেস্টুরেন্টকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Tasty Bite Fast Food কে **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আপন রেস্তোরাকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৩টি** বাজার তদারকির ও **৩টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৭টি** প্রতিষ্ঠানকে মোট **৪,২১,০০০/- (চার লক্ষ একুশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং **৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বাগেরহাট, কুষ্টিয়া, পঞ্চগড়, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, বরগুনা, জয়পুরহাট ও পিরোজপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, টাঙ্গাইল, রাজবাড়ী, গোপালগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, বাগেরহাট, কুষ্টিয়া, পঞ্চগড়, চট্টগ্রাম, ফেনী, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া, বরগুনা, জয়পুরহাট ও পিরোজপুর।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।